সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

1	2				8			5
		8			2			4
	7					6	2	
		3	9					
			3		6			
					4	9		
	3	1					8	
9			4			3		
6			2				7	9

গতকালের সমাধান

2	6	5	1	4	3	8	7	9
9	4	8	6	5	7	3	2	1
1	3	7	9	2	8	6	5	4
5	9	3	8	7	4	2	1	6
6	2	4	3	1	5	7	9	8
7	8	1	2	6	9	4	3	5
4	1	9	7	8	2	5	6	3
3	5	2	4	9	6	1	8	7
8	7	6	5	3	1	9	4	2

আবহাওয়া

পূর্বাভাস: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৯ ডিগ্রি ও ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৯ ডিগ্রি ও ২৪ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৯২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ০৫।৩১, **সূর্যাস্ত:** ঘ ৫।১৪ **জোয়ার:** দুপুর ৩.০৬। **ভাঁটা:** সকাল ১০.৩৪।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

ভাগ্যলিপি

শুক্রবার, ১২ অক্টোবর ২০১৮

জন্মদিনের ভাগ্যলিপি

আজ জন্ম দিনে হলে জাতকের উপরে সূর্য বর্গের ছায়া প্রদর্শিত হয়, যার ফলে জাতক নিজের পেশাদারি এবং ব্যক্তিগত জীবনের উপরে ভারসাম্য আরোপ করার সুযোগ পায়।জাতক যদি চান নতুন অংশীদার অনায়াসেই পেয়ে যেতে পারেন। পেশাদারি জীবনে মূলত জাতকের স্বভাবগত বৈশিষ্ট্য হবে।আপনার কাজই হল মানুষের ভাল করার প্রচেষ্টা, আপনার উদার ব্যবহার, সহকর্মী ও প্রবীণ ব্যক্তিদের কাছ থেকে কৃতজ্ঞতা আদায় করে নেবে। ছোটখাটো ভুল বোঝাবুঝি হলেও স্ত্রীর সঙ্গে সম্পর্ক মোটের উপরে ভালই থাকবে।

সৌভাগ্যের তারিখ : ৩,১২,২১,৩০
সৌভাগ্যের দিন : সোমবার, বুধবার, বৃহস্পতি
সৌভাগ্যের রং : কালো, সবুজ এবং গেরুয়া

মেষ

আপনার বন্ধু এবং পরিবারের উপরে আপনার ক্ষমতা আজ বজায় থাকবে। পেশাদারি লক্ষণ আজ আপনি পেতে পারেন। বিপত্তি হতে পারে কর্মস্থলে।

বৃষ

সহকর্মীদের নিকট থেকে সাহায্য পাবেন। বাড়ির কাজ সঠিকভাবে করার চেষ্টা করুন। পেশাগতভাবে নিজেকে দক্ষ করে তোলার দিন আজ।

মিথুন

আপনার উচ্চাকাঙ্খা আজ আপনাকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। আর্থিক পরিকল্পনা এমনভাবে করুন যাতে সমস্যার সমাধান হয়।

কর্কট

কর্মক্ষেত্রে আজ একটি শুভদিন আপনার ক্ষেত্রে। ব্যবসায়ীদের কাছেও দিনটি শুভ।

সিংহ

ঘনিষ্ঠ সহকর্মীদের কাছ থেকে প্রত্যাশার চেয়েও বেশি সাহায্য পাবেন। ছোটখাটো আঘাতের সম্ভাবনা রয়েছে। প্রেমে সাফল্য আসবে।

কন্যা

নীরব থাকার চেষ্টা করুন। ১০০ শতাংশ নিজেকে উজাড় করে দিন কাজের ক্ষেত্রে। সমস্যার সমাধানের জন্য আর্থিক পরিকল্পনা করুন।

তুলা

কর্মক্ষেত্রে নতুন কার্যদিবসকে চূড়ান্ত করার জন্য একটি ভাল দিন আজ। মানুষ আপনাকে আনন্দে রাখবে।

বৃশ্চিক

বিভ্রান্তিকর দিন আজ। সমস্যায় পড়তে হবে। সুতরাং নিজের সেরা বন্ধুকে মানসিকভাবে জয়ের জন্য কাজে লাগান।

ধনু

সকালে দিনের শুরুতে চিকিৎসা সংক্রান্ত ব্যাপারে নিজেকে ব্যস্ত রাখতে হবে।শিশু বা পরিবারের সদস্যরা আপনার মেজাজ হারানোর পক্ষে যথেষ্ট।হবে।

মকর

মনের মতো বন্ধুর সঙ্গে আজ কথা বলার চেষ্টা করুন। ঋণ করবেন না। ভ্রমণের পরিকল্পনা করতে পারেন। তবে গাড়ি চালানোর ক্ষেত্রে অতিরিক্ত যত্ন গ্রহণ করুন।

কুম্ভ

উদাসীন হয়ে যাবেন না। ভাল করে ঘুমিয়ে নেওয়ার চেষ্টা করুন। আর্থিক বিষয়ে মনোযোগী হোন। কারণ আয়ের চেয়ে ব্যয় বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে।

মীন

পত্নীর সঙ্গে ভাল ব্যবহার আপনাকে সুন্দর জায়গা করে দিতে পারে। পেশাদারি ক্ষেত্রে আজ চমৎকার স্থান খুঁজে পাবেন। প্রেমিকার সঙ্গে সময় দেওয়ার চেষ্টা করুন।

Disclaimer: Lottery Varta or any of its news staffs/circulation agents/advertisement agents assume no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

হাওড়ার রামকৃষ্ণ অ্যাথলেটিক ক্লাবের এ বছরের পুজোর থিম সবার উপর মানুষ সত্য

নিজস্ব প্রতিনিধি, হাওড়া : স্বাধীনতার ৭১ বছর পেরিয়ে গেলেও আজ আমরা সকলে মানসিকভাবে স্বাধীন হতে পারিনি। আমাদের চিন্তাভাবনা, ধ্যান-ধারণা প্রভৃতি এখনও পরাধীনতার নাগপাশ থেকে মুক্ত হয়নি। একবিংশ শতকে এসে এখনও পর্যন্ত আমরা পোষণ করে থাকি মধ্যযুগীয় চিন্তাধারা। আজকের দিনে দাঁড়িয়েও আমরা জর্জরিত বৈষম্যের বেড়াজালে। আজও সাম্প্রদায়িকতার নামে ভাইভাইয়ের সঙ্গে লড়াই হয়। সামাজিক বৈষম্যের দোহাই দিয়ে হচ্ছে শ্রেণি সংগ্রাম। ভারতবর্ষের মতো দেশে বাস করেন প্রায় ১৩০ কোটি মানুষ। এতকিছুর মধ্যেও এই দেশে পাশাপাশি দীর্ঘদিন ধরে বসবাস করে আসছেন নানা ভাষার, নানা মতের, নানা ধর্মের, বর্ণের মানুষ। এই বিষয়কে নিয়ে হাওড়ার রামকৃষ্ণ অ্যাথলিট ক্লাবের এ বছরের ভাবনা ''সবার উপরে মানুষ সত্য তাহার ওপর নাই।''

৪৭ বছরে উপনীত এই পুজো প্রসঙ্গে কমিটির পক্ষ থেকে সঞ্জয় বোস জানিয়েছেন, ভারতবর্ষে বিভিন্ন ধর্মের মানুষ বাস করে। সেই কারণে হিন্দু, মুসলমান, খ্রিস্টান, শিখ, বৌদ্ধ প্রভৃতি সকল ধর্মের মানুষের মূর্তি দিয়ে সাজানো হবে মণ্ডপ। বাঁশ চাটাই, মাড়ি অরিভূতি পরিবেশবান্ধন সামগ্রী ব্যবহার করা হবে মণ্ডপ। তিনি জানিয়েছেন, বিশ্ব সংসারে একমাত্র অধীশ্বর দেবী দুর্গা। প্রতিমা মণ্ডপের চারপাশের সমগ্র চলচ্চিত্র একটা রাষ্ট্র পরিকল্পনার প্রতিচ্ছবি। সর্ব ধর্মের পাশাপাশি দেবী দুর্গা ও তাঁর সন্তানদের সমাজের বিভিন্ন শক্তির উপমা হিসেবে তুলে ধরা হয়েছে এই পুজোয়।

এখানে গণেশের মাধ্যমে ঘটে শ্রম শক্তির প্রকাশ লক্ষ্মীর মাধ্যমে বৈশ্য শক্তির প্রকাশ সরস্বতীর মাধ্যমে জ্ঞান শক্তির প্রকাশ ও দেব সেনাপতি কার্তিকের মাধ্যমে ঘটে ক্ষত্রিয় শক্তির প্রকাশ। মণ্ডপসজ্জার মাধ্যমে দেখানো হবে এই সকল শক্তির প্রকাশ। এই ভাবনার মাধ্যমে জন-গণ-মনে সৌভ্রাতৃত্ব ঐক্য সাধারণ মনুষের মনে জাগরিত হতে পারে বলে আশা পুজো কমিটির আট থেকে আশি সকলেরই।

হাওড়ার মহিয়াড়ি তাল পুকুরধার সার্বজনীন দুর্গোৎসব কমিটির দুর্গাপ্রতিমা।

নিউব্যারাকপুর থানার উদ্যোগে শারদ সম্মান ২০১৭ পুরস্কার প্রদান

নিজস্ব সংবাদদাতা, উত্তর ২৪ পরগনা: আসন্ন শারদীয়া উপলক্ষে ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের অধীন নিউব্যারাকপুর থানার উদ্যোগে পুজো কমিটিগুলিকে নিয়ে প্রশাসনিক সভা হল মঙ্গলবার বিকেলে কৃষ্টি অডিটোরিয়ামে। সভায় উপস্থিত ছিলেন ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের এসিপি ২ গোয়েন্ডা বিভাগের শালিনী ঘোষ, ঘোলা থানার আইসি সুপ্রকাশ পট্টনায়েক, ব্যারাকপুর ২ ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি সুপ্রিয়া ঘোষ, বিলকান্দা ১ গ্রাম পঞ্চায়েত প্রধান চিত্তরঞ্জন মণ্ডল, উপপ্রধান মালিনা রানি মল্লিক, ২ নং গ্রাম পঞ্চায়েত প্রধান দীপা পাইক, বিশ্ব সেবা শ্রম সংঘের প্রতিষ্ঠাতা ঠাকুর শ্রী শ্রী সমীর ব্রহ্মচারী, নিউব্যারাকপুর কলোনি বয়েজ হাইস্কুলের প্রধান শিক্ষক ডঃ অনিরুদ্ধ বিশ্বাস, নিউব্যারাকপুর অগ্নি নির্বাপক আধিকারিক তরুণ কান্তি বাইন, বিশরপাড়া জি আর সি স্বপন সরকার প্রমুখ।

স্বাগত ভাষণ দেন নিউব্যারাকপুর থানার ভারপ্রাপ্ত আধিকারিক রাজু মুখোপাধ্যায়। তিনি শারদীয়া উৎসবে বিভিন্ন পুজো কমিটিগুলিকে বিভিন্ন বিধিনিষেধ পালনের পাশাপাশি গত বছরের শারদ সম্মান ও দীপ সম্মান পুজো কমিটিগুলির হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। বিদ্যুৎ ফায়ার ব্রিগেডের পাশাপাশি যানজট নিয়ন্ত্রণে ট্রাফিক এবং বিভিন্ন পুজোমণ্ডপগুলিতে সিসি ক্যামেরা লাগানোর নির্দেশ দেন। এদিন এসিপি ২ শালিনী ঘোষ সকলকে শারদীয়ার শুভেচ্ছা জানান। পুজো মণ্ডপগুলিতে শব্দ দূষণ এবং মহিলাদের বাথরুমের উপরে বিশেষ নজর দিতে বলেন পুজো কমিটিগুলিকে। শহরাঞ্চলের ও গ্রামাঞ্চলে পুজো কমিটিগুলির হাতে পুরস্কার তুলে দেন অতিথিরা। নিউব্যারাকপুরে দুর্গাপুজোয় ভাবনায় প্রথম স্থান পেয়েচে সতীন সেন নগর সার্বজনীন দুর্গোৎসব কমিটি (মহাজাতি পরিষদ)। দ্বিতীয় বিদ্রোহী (স্পোর্টিং ক্লাব এবং তৃতীয় স্থান নায় পূর্বাঞ্চল সর্বজনীন দুর্গোৎসব। সেরার সেরা পুরস্কার পায় বিদ্রোহী স্পোর্টিং ক্লাব। এছাড়াও প্যান্ডেল প্রতিমা এবং সেরার সেরা পুরস্কারও প্রদান করা হয়। শারদ সম্মানে বিচারকদেরও সম্মানিত করা হয় এদিন মঞ্চে। অনুষ্ঠান সঞ্চালনা করেন শিক্ষক অম্লান দাশগুপ্ত।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,৮৭০
গহনা সোনা (১০ গ্রাম):	৩০,২৩৫
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	৩০,৬৯০
রুপোর বাট (প্রতি কেজি):	৩৯,৫০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৩৯,৬০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

শব্দলিপি - ১৩৩৬



শ্যামাপ্রসাদ দাস

পাশাপাশি ঃ [illegible]

উপরনীচ ঃ [illegible]

সমাধান ঃ শব্দলিপি - ১৩৩৫

পাশাপাশি ঃ [illegible]

উপরনীচ ঃ [illegible]

[illegible]

- [illegible]

কিশোরের মাথায় পিস্তল ঠেকিয়ে ডাকাতি

নিজস্ব প্রতিনিধি, হাওড়া : কিশোরের মাথায় পিস্তল ঠেকিয়ে ৫ লক্ষ টাকার সোনার গহনা ও প্রায় ১ লক্ষ টাকা লুঠ করে পালাল দুষ্কৃতীরা। মঙ্গলবার রাতে ঘটনাটি ঘটেছে বাগদার সিন্দ্রাণীতে। এই ঘটনায় আতঙ্ক ছড়িয়েছে এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল রাত দেড়টা নাগাদ কোলাপসিবল গেটের তালা ভেঙে ছ'জনের ডাকাত দল অনিমেষ বিশ্বাস নামে এক ব্যক্তির বাড়িতে হানা দেয়। অনিমেষবাবু কর্মসূত্রে ভিনরাজ্যে থাকেন। বাড়িতে ঢুকে দুষ্কৃতীরা অনিমেষবাবুর ১৩ বছরের ছেলে আকাশের মাথায় দু'টি পিস্তল ধরে। আকাশকে গুলি করার হুমকি দিয়ে অনিমেষবাবুর স্ত্রী জ্যোৎস্নাদেবীকে চিৎকার করতে বারণ করে। এরপর ডাকাতরা প্রায় ২০ মিনিট তাণ্ডব চালিয়ে ৫ লক্ষ টাকার সোনার গহনা ও নগদ ৯৫ হাজার টাকা নিয়ে চম্পট দেয়। প্রতিবেশীরা যাতে সাহায্যে এগিয়ে না আসতে পারে সে জন্য তাদের বাড়ির দরজা বাইরে থেকে বন্ধ করে দিয়েছিল ডাকাতরা।

পুজোর দিনগুলিতে হাওড়ায় ফুটবল

নিজস্ব প্রতিনিধি, হাওড়া : হাওড়া জেলার আমতা ও জয়পুর থানা এলাকায় দুর্গোৎসবের দিনগুলোতে এই মরশুমের ফুটবল ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। সপ্তমীতে বেতাই কাপ জয়পুর সাধনা সমিতি ও আমতা স্পোর্টিং ক্লাব, অষ্টমীতে খড়িয়প কাপ জয়পুরের খালনা পারিজাত ও আমরা রসপুর বিনাপানী সংঘ, নবমীতে ঝিখিরা কাপ জয়পুরের রাউতড়া রায়ব্রাদার্স ক্লাব ও খালনা পারিজাত ক্লাব, দশমীতে শযাওড়াবেড়িয়া কাপ জয়পুরের অমরাগড়ি এসি ও খলিয়া ইউনিয়ন ক্লাব, একাদশীতে রসপুর কাপ আমতা স্টোটিং ক্লাব ও জয়পুর সাধনা সমিতির মধ্যে। আমতা জয়পুর থানা স্পোর্টস অ্যাসোসিয়েশন পরিচালনা করচে সমস্ত ফুটবল খেলা।

বিরোধীদের এখন দূরবিন দিয়ে দেখতে হয়: অনুব্রত

নিজস্ব প্রতিনিধি, বোলপুর : 'কোথায় বিরোধী, দূরবিন দিয়ে তো দেখতে হয়। খুঁজে পাওয়া যায় না তো। কোথায় কমরেড? কোথায় কংগ্রেস? কোথায় বিজেপি? কেউ তো নেই।' বললেন, বীরভূম তৃণমূল জেলা সভাপতি অনুব্রত মণ্ডল।

বৃহস্পতিবার বোলপুরের কালিকাপুরে দুর্গা মন্দিরের উদ্বোধন শেষে অনুব্রত বলেন, 'কোথায় বিরোধী, দূরবিন দিয়ে তো দেখতে হয়। খুঁজে পাওয়া যায় না তো।' তারপর নিজের স্বভাবসিদ্ধ ভঙ্গিতেই উত্তর দেন, কেন বিরোধীদের দেখা পাওয়া যাচ্ছে না। তাঁর বক্তব্য, 'কী করে ময়দানে থাকবে বিরোধীরা? চারদিকে এত উন্নয়ন। উন্নয়ন তো রাস্তায় দাঁড়িয়ে আছে।'

লোকসভা ভোটের আগে মন্দির তৈরি নিয়ে বিজেপি যদি সমালোচনা করে, তাহলে? প্রশ্নটাকে তুড়ি মেরে উড়িয়ে বীরভূম জেলা সভাপতির হুঙ্কার, 'মন্দির তৈরির জন্য কারও তো পারমিশন নিতে হবে না। যার বাপের টাকা থাকবে সে মন্দির করতে পারবে। মন্দির কারও বাবার নাকি?

বিজেপি কি হিন্দু-মুসলিম বিভাজন তৈরির চেষ্টা করছে? সে প্রসঙ্গে উত্তর দিতে গিয়ে পাশ থেকে এক অনুগামীকে ডেকে নেন। সেই অনুগামীকে দেখিয়ে বলেন, 'ওর রক্তে লেখা আছে নাকি ও মুসলমান না হিন্দু? ওর রক্ত লাল, আমারও লাল।

তাহলে লোকসভা ভোটের আগে বিজেপিকে কি কোনও বার্তা দেবেন? সে প্রসঙ্গে অনুব্রতের জবাব, 'পুজোর পর বার্তা দেব। উর্বর জমি চাষ করতে হবে। তার জন্য পাচন দরকার। পাচনের বাড়ি মারলেই উর্বর জমি চাষ হবে।'

হাওড়া স্টেশনে মৃতদেহ সরাতে লাগল ৩ ঘণ্টা

নিজস্ব প্রতিনিধি, ১১ অক্টোবর : চলন্ত ট্রেনে মৃত্যু হয় এক মহিলার। কিন্তু সেই মহিলার মৃতদেহ সরাতে ৩ ঘণ্টা লাগল রেলের। বৃহস্পতিবার সকালে এমনই দৃশ্য ফুটে উঠল হাওড়া স্টেশনে। পরিবার সূত্রে জানা গেছে, বেশকিছু ধরেই লিভারের ক্যানসারে আক্রান্ত ছিলেন বিহারের মধুবনির বাসিন্দা মঞ্জুদেবী (৩৮)। কিছুদিন আগে সেখানকার চিকিৎসক কলকাতার সল্টলেকের একটি নামি বেসরকারি হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়ার পরামর্শ দেন। সেই পরামর্শ অনুযায়ী বুধবার রাতে অমৃতসর-হাওড়া মেলে হাওড়ার উদ্দেশ্যে মঞ্জুদেবীকে নিয়ে যাত্রা শুরু করেন। ছিলেন মঞ্জুদেবীর মা, বাবা ও ছেলে মণীশকুমার (১৭)। ট্রেনেই মাঝপথে বর্ধমান স্টেশনের কাছে গুরুতর অসুস্থ হয়ে পড়েন মঞ্জুদেবী। চলন্ত ট্রেনে এক টিকিট পরীক্ষককে বিষয়টি জানান মঞ্জুদেবীর পরিবার। কিন্তু চলন্ত ট্রেনেই মৃত্যু হয় তাঁর। হাওড়া স্টেশনের ৮ নম্বর প্ল্যাটফর্মে বেলা ১১টা নাগাদ এসে পৌঁছয় ট্রেনটি। কর্তব্যরত আরপিএফ জওয়ানরা পরিস্থিতি দেখে খবর দেন স্টেশন ম্যানেজারকে। স্টেশন ম্যানেজার রেলের চিকিৎসক নিয়ে এসে পৌঁছন ঘটনাস্থলে। চিকিৎসকের মেমো পাওয়ার পরে হাওড়ার জিআরপি দেহটি ময়নাতদন্তে পাঠায়। এই পুরো প্রক্রিয়া সম্পন্ন হয়ে দেহ সরিয়ে নিয়ে যেতে বেলা ২টো বেজে যায়। এই প্রসঙ্গে মৃতার ছেলে মণীশকুমার জানান, রেলের বিরুদ্ধে তাদের কোনও অভিযোগ নেই, মায়ের দেহটি হাতে পেলেই তাঁরা মধুবনির উদ্দেশ্যে রওনা হতে চান। দেশে নিয়ে গিয়েই মায়ের অন্তিম সংস্কার করবেন তারা।

হাওড়ায় বিজেপির স্মারকলিপি

নিজস্ব প্রতিনিধি, হাওড়া : হাওড়া সদর জেলায় বিজেপি কর্মীদের উপর পুলিশ প্রশাসন ও তৃণমূল দুষ্কৃতীদের অত্যাচারের প্রতিবাদে বুধবার দুপুরে হাওড়ায় জেলাশাসককে স্মারকলিপি দিল বিজেপি। হাওড়া সদর বিজেপির তরফ থেকে আয়োজিত এই কর্মসূচির নেতৃত্ব দেন বিজেপি নেতা জয় বন্দ্যোপাধ্যায়, হাওড়া সদর বিজেপির সভাপতি সুরজিৎ সাহা, যুব মোর্চার জেলা সভাপতি ওমপ্রকাশ সিং প্রমুখ। বিজেপি কর্মীরা এদিন মিছিল নিয়ে হাওড়া ময়দান ফ্লাইওভার চত্বরে আসে। সেখানে পুলিশ ব্যারিকেড করে ওই মিছিল আটকায়। সেখানেই বিজেপি কর্মীরা স্লোগান দেন। বিক্ষোভ দেখান। পরে বিজেপির তরফে এক প্রতিনিধি দল ডিএম অফিসে স্মারকলিপি দেন।

মডেল অভিনেত্রীকে ধর্ষণের ঘটনায় যুবক গ্রেফতার

মনোজ বসু : মডেলিংয়ের সুযোগ দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে এক মডেল অভিনেত্রীকে ধর্ষণের ঘটনায় অভিযুক্ত যুবককে গ্রেফতার করল বারাসত থানার বিশেষ তদন্তকারী দলের পুলিশ। বৃহস্পতিবার নিউ বারাকপুরের বিলকান্দা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, ধৃতের নাম সুরজ কুমার মণ্ডল। এদিন অভিযুক্তকে হাজির করা হয়েছে বারাসত আদালতে। পুলিশ সূত্রে জানা গেছে, নির্যাতিতা গৃহবধূর বাড়ি কলকাতার নিউ আলিপুরের শীতলাতলা রোডের সাহাপুরের জুবিলি পার্ক এলাকায়। ফেসবুকে পরিচয়ের পর দু'জনের মধ্যে একটা সম্পর্ক হয়। নির্যাতিতা পুলিশকে জানিয়েছে, সুরজ তাঁকে মডেলিংয়ে সুযোগ করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল। মডেলিংয়ে অভিনয় অডিশন হবে বারাসত স্টেডিয়ামে। সেখানেই তার অডিশন নেওয়া হবে বলেও সুরজ তাঁকে জানায়।

সেই কথা মতো নিউ আলিপুর থেকে ওই গৃহবধূ বারাসত স্টেডিয়ামে আসেন। সেই দিন অনূর্ধ্ব-১৮'র মহমেডান এবং রেনবো দলের ফুটবল খেলা বারাসত স্টেডিয়ামে। সুরজের সঙ্গে বসে মহিলা খেলাও দেখেন।

খেলা শেষ হওয়ার পরেই স্টেডিয়ামের বি ব্লকের গ্যালারিতে মহিলাকে ধর্ষণ করে সুরজ। বারাসত থানার ঢিল ছোড়া দূরত্বে রয়েছে স্টেডিয়াম। এ ছাড়াও নিজস্ব নিরাপত্তা রয়েছে স্টেডিয়ামে স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠেছে বারাসত স্টেডিয়ামের পুলিশি নিরাপত্তা নিয়ে। ফুটবল খেলা শেষ হয়ে যাওয়ার পরেও কিভাবে গ্যালারিতে থেকে গেল দুই তরুণ-তরুণী? কিভাবেই বা নিরাপত্তার নজর এড়িয়ে কলকাতার বাসিন্দা এক তরুণী ধর্ষিতা হল? বুধবার রাতেই নির্যাতিতা মহিলা বারাসত মহিলা থানায় সুরজের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ দায়ের করেন।

[redacted]

CHANGE OF NAME

I, RUMPA PARTHA BHATTACHARYA D/O PARTHA VIBHUTIBHUSHAN BHATTACHARYA W/O DEBASHIS SINHA R/O 15B, RIFLE RANGE ROAD, P.O. BALLYGUNGE, P.S KARAYA, KOLKATA 700019 SHALL HENCE FORTHBE KNOWN AS RUMPA SINHA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 10.10.2018

NIT

Tender is invited by the AE Murshidabad subdivision III social sector PW dte. for repair & installation of pump & building work from bonafide eligible contractor. Last date of application is 26.10.2018. For detail contact in office.

Sd/-
AE Msd III (ss) PW Dte.